

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৭৩১

আগরতলা, ১৮ নভেম্বর, ২০২৩

**রাজ্যপালের সাথে সৌজন্য সাক্ষাতে এনআইটি আগরতলার অধিকর্তা**

রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে আজ সকালে এনআইটি আগরতলার অধিকর্তা অধ্যাপক শরৎ কুমার পাত্রা ও আইআইআইটি আগরতলার অধিকর্তা অধ্যাপক (ড.) অভয় কুমার এক সৌজন্য সাক্ষাতে মিলিত হন। তাছাড়া আজ সন্ধ্যায় রাজভবনে ত্রিপুরা ইলেক্ট্রিসিটি রেগুলেটরি কমিশনের চেয়ারম্যান ড. রাখাকৃষ্ণাণ সঙ্গীক এবং ত্রিপুরা ন্যাশনাল ফরেনসিক সায়েন্স ইউনিভার্সিটির ক্যাম্পাস ডিরেক্টর রাজ্যপালের সাথে সৌজন্য সাক্ষাতে মিলিত হন। রাজভবন থেকে এ সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*